



**AKASHVANI SILCHAR**  
**REGIONAL NEWS UNIT**  
**MORNING NEWS BULLETIN**  
**BENGALI**

**DATE: 16 Apr. 25**

**TIME: 7:35 AM**

---

আসাম সরকারের পক্ষ থেকে রাজ্য ওয়াকফ সংশোধনী আইনের বিরুদ্ধে কোন ধরনের প্রতিবাদ কার্যসূচীর অনুমোদন করা হবে না বলে জানানো হয়েছে। মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা জানান যে ওয়াকফ নিয়ে কোন অভিযোগ থাকলে যেকোন সংগঠন আদালতের দারত্ত হতে পারে। সেজন্য রাস্তায় প্রতিবাদ করা যাবে না বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

---

অসাম সরকারী ভাষা আইন ১৯৬০ 'র ৭ এবং ৩ নম্বর ধারা অনুযায়ি বরাক উপত্যকা, ষষ্ঠ অনুসূচীর অন্তর্গত পার্বত্য জেলা এবং বড়োল্যান্ড আঞ্চলিক পরিষদের অধীনের অঞ্চলগুলিতে স্থানীয় ভাষা সহ সমগ্র রাজ্যে অসমীয়া ভাষা ব্যবহার করার জন্য বিজ্ঞপ্তি জারি করেছে। গতকাল থেকে রাজ্যের সব সরকারী কাজকর্মে অসমীয়া ভাষার ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে। রাজ্য সরকারের সব বিল, আইন, নিয়ম, নির্দেশ, বিজ্ঞপ্তি সহ প্রশাসনিক ও কার্যবাহী নির্দেশনা, বদলি ও নিযুক্তির নির্দেশ তথা সরকারী গ্যেজেটের ইংরেজী সংস্করণ সহ অসমীয়া ভাষায় প্রকাশ করা হবে। বরাক উপত্যকার

তিন জেলায় সব সরকারী কাজকর্মে ইংরেজী সহ বাংলা ভাষা ব্যবহার করা হবে। বড়োল্যান্ড পরিষদীয় এলাকায় সরকারী কাজকর্মে ইংরেজী সহ বড়ো ভাষা ব্যবহার করা হবে। কেন্দ্রীয় সরকারের জারি করা সব আদেশ বিজ্ঞপ্তি এবং নির্দেশ সংশ্লিষ্ট বিভাগ থেকে ৩০ দিনের মধ্যে অসমীয়া, বাংলা বা বড়ো ভাষায় অনুবাদ করে প্রকাশ করতে হবে। এই বিজ্ঞপ্তি রাজ্যে গতকাল থেকে কার্যকর হয়েছে।

---

চলতি বছরের মাধ্যমিক পরীক্ষায় কুড়ি শতাংশের কম পাশের হার হওয়া কাছাড় জেলার ৩৪টি বিদ্যালয়কে কারণ দর্শনোর নোটিশ দেওয়া হয়েছে। শিলচরের বিদ্যালয় সমূহের পরিদর্শকের কার্যালয় থেকে জারি করা এক নির্দেশে আগামী পাঁচদিনের মধ্যে মাধ্যমিক পরীক্ষায় খারাপ ফলাফলের জবাব পাঠাতে বলা হয়েছে। এই বিদ্যালয়গুলির মধ্যে শিলচর শিক্ষাখণ্ডের অর্ণগত টাউন হাইস্কুল, শ্রী শ্রী রাধারমণ গোস্বামী হাইস্কুল, বিপ্লবী উন্নাসকর দত্ত বিদ্যাভবন, সর্বোদয় হাইস্কুল এবং তরণীমোহন দাস লক্ষ্মণ এ্যাকাডেমি রয়েছে।

---

ভারতে হজ যাত্রীর কোটা ২০১৪ সালের এক লক্ষ ৩৬ হাজার থেকে বৃদ্ধি করে চলতি বছরে এক লক্ষ ৭৫ হাজার করা হয়েছে। কেন্দ্রীয় সংখ্যালঘু মন্ত্রক থেকে সামাজিক মাধ্যমে জানানো হয়েছে যে হজ যাত্রীর মূল কোটা থেকে দেশের হজ কমিটি ইতিমধ্যে এক লক্ষ ২২ হাজার তীর্থ যাত্রীর প্রস্তুতি সম্পন্ন করেছে। মন্ত্রক জানিয়েছে যে হজ যাত্রার জন্য বিমান, যাতায়াত, মীনা ক্যাম্প, থাকা-খাওয়ার ব্যবস্থা সহ অন্যান্য পরিষেবা সহ প্রয়োজনীয় সব প্রস্তুতি সৌন্দর্য আরব প্রশাসনের নির্দেশিকা অনুযায়ী সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট কোটা বেসরকারী ট্যুর অপারেটরদের জন্য বরাদ্দ করা হয়েছে।

---

কাছাড় পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে গতকাল শিলচর রেল স্টেশনের নিকট থেকে দুজন ড্রাগস পাচারকারীকে আটক করেছে। আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে আটক করা ড্রাগস পাচারকারীরা হচ্ছেন-আবদুর রহমান এবং জিনাত আলী। দু জনই নগাঁও জেলার তেলিহা চাপারি গ্রামের বাসিন্দা। পুলিশ সূত্রে জানানো হয়েছে যে আটক করা ড্রাগসের বাজার মূল্য প্রায় ২৯ লক্ষ টাকা। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

---

রাজ্যের শিক্ষা বিভাগের এস সি আর টি শাখার উদ্যোগে আগামী ৬ ই মে হাইলাকান্দি ডায়েটে একদিনের বাল বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। জেলার ষষ্ঠ শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণীর ছাত্র ছাত্রীরা এতে অংশ নিতে পারবে। এবছরের বিজ্ঞান প্রদর্শনীর মূল বিষয় হচ্ছে সুস্থায়ী ভবিষ্যতের উন্নয়নের জন্য বিজ্ঞান ও প্রযুক্তি। এই প্রদর্শনীতে যোগ দিতে ইচ্ছুক ছাত্র ছাত্রীদেরকে আগামী ২৮ শে এপ্রিলের মধ্যে পঞ্জীয়ন করতে বিজ্ঞপ্তীতে আবেদন জানানো হয়েছে।

---

সরকার আগামী বছর সাধারণতন্ত্র দিবসে ঘোষনা করার জন্য ২০২৬ সালের পদু সম্মানগ্রন্থের জন্য মনোনয়ন চেয়েছে। গত ১৫ই মার্চ মনোনয়ন প্রক্রিয়া আরম্ভ হয়েছে ও ৩১ শে জুলাই পর্যন্ত এই প্রক্রিয়া খোলা থাকবে। এই সম্মানের জন্য জাতীয় পুরস্কার পোর্টেলের মাধ্যমে মনোনয়ন ও পরামর্শ প্রদান করা যাবে।

---

কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব মাছের মজুতকরণ এবং মৎস্য আইন মেনে চলার লক্ষ্যে কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন। নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে আগামী ১৫ই জুলাই পর্যন্ত বড়জাল, মহাজাল এবং ফাঁসজালের ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ করা হয়েছে। এছাড়া নির্বিচারে মাছ ধরা ও জলজ সম্পদের অবক্ষয় প্রতিরোধ করার জন্য এক সেন্টিমিটার কম ঘাই-এর মসারজাল সারা বছর নিষিদ্ধ করা হয়েছে। নির্দেশ অমান্য করলে আইনী ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানানো হয়েছে।

---

শ্রীভূমি জেলার আধার সেলের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে বদরপুর ব্লকের একটি আধার এনরোলমেন্ট কেন্দ্রের স্থান পরিবর্তন করা হয়েছে। বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে বদরপুর জল সম্পদ বিভাগের সহকারী কার্যবাহী বাস্তুকারের কার্যলয়ের আধার এনরোলমেন্ট কেন্দ্রের স্থান পরিবর্তন করে বদরপুরের জল সিঞ্চন বিভাগের সহকারী বাস্তুকারের কার্যলয়ে স্থানান্তরিত করা হয়েছে। এছাড়া বিজ্ঞপ্তীতে আধার এনরোলমেন্ট কেন্দ্রের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নথি-পত্র যাচাই-বাচাই করার জন্য একজন সহকারী নিয়োগ করতে অনুরোধ করা হয়েছে।

---

---